

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৩৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের ফযীলত

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قَوْلِهِ تَعَالَى: (إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا) قُرْآنَ الْفَجْرِ كَانَ مَلْائِكَةُ اللَّيْلِ وَمَلَائِكَةُ النَّهَارِ» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

৬৩৫-[১২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে আল্লাহর বাণী أَوْ اللّ "ফজরের (ফজরের) কিরাআতে (সালাতে) উপস্থিত হয়"- (সূরাহ্ ইসরা ১৭: ৭৮) এর ব্যাখ্যায় বলেন, এতে উপস্থিত হয় রাতের ও দিনের মালায়িকাহ্। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ৩১৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ قُرُانَ الْفَجْرِ) "ফাজরের (ফজরের) সালাত।" এখানে غُرُانَ الْفَجْرِ) "ফাজরের (ফজরের) সালাত।" এখানে غُرُانَ الْفَجْرِ) "ফাজরের (ফজরের) সালাত।" এখানে غُرُانَ الْفَجْرِ) "ফাজরের (ফজরের) সালাত।" এখানে ঠু শব্দ দ্বারা কিরাআত (কিরআত) কে সালাত নামকরণ করা হয়েছে এজন্য যে, তা সালাতের একটি রুকন। আর কিরাআত (কিরআত) ব্যতীত সালাত (সালাত/নামায/নামাজ) বিশুদ্ধ হয় না। যেমন- রুক্ 'ও সিজদা (সিজদা/সেজদা) ব্যতীত সালাত বিশুদ্ধ হয় না। অতএব সালাতকে যেমন রুক্ ', সিজদা (সিজদা/সেজদা) ও কুনৃত তথা কিয়াম (কিয়াম) নামকরণ করা হয়েছে তদ্ধপ সালাতকে কিরাআত (কিরআত) নামকরণ করা হয়েছে। আর অন্যান্য সালাতের মধ্য থেকে ফাজরের (ফজরের) সালাতকে কুরআন তথা কিরাআত (কিরআত) নামকরণের মধ্যে এইঙ্গিত রয়েছে যে, ফাজরের (ফজরের) সালাতের কিরাআত (কিরআত) অন্যান্য সালাতের তুলনায় দীর্ঘ করতে হবে যাতে লোকজন কুরআন তিলাওয়াত শুনতে পারে- 'আল্লামা ত্বীবী এমনটি মন্তব্য করেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন